



ইসলামিক ফাউন্ডেশন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও,শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭।

সংক্ষিপ্ত পরিচিত, অর্থ ও হিসাব বিভাগ

ইসলামিক ফাউন্ডেশনের কেন্দ্রীয় অর্থ ও হিসাব বিভাগ হিসাব সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন, এতদসংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ, অত্র সংস্থার জন্য সরকারী বাজেট, প্রাক্কলন ও প্রক্ষেপন প্রস্তুত, প্রস্তুতকৃত বাজেট মন্ত্রণালয়ে প্রেরণ, সংস্থার রাজস্ব বাজেট বরাদ্দ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, ইসলামিক ফাউন্ডেশনের অনুকূলে সরকারী বাজেটে বরাদ্দকৃত অর্থ ছাড়করণ, ছাড়কৃত অর্থ স্ব স্ব বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে প্রেরণ করে থাকে। বিভাগ, জেলা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের সংশোধিত ও প্রস্তাবিত বাজেট এবং প্রক্ষেপণ বাজেটের তথ্য সংগ্রহকরত তা পরীক্ষান্তে অভ্যন্তরীণ বাজেট প্রস্তুত করে বোর্ড সভায় অনুমোদনের জন্য মহাপরিচালক-এর নিকট উপস্থাপন, এতদসংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা চাহিদা অনুযায়ী আর্থিক বিষয়ে হিসাব প্রদান, অর্থ ও হিসাব সংক্রান্ত বিষয়ে নীতিমালা প্রণয়নে কর্তৃপক্ষ কে সহায়তা প্রদান, বাস্তবায়ন, ব্যয় নিয়ন্ত্রণ ইত্যাদি কাজ অর্থ ও হিসাব বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে।

পেনশন সেল: ইসলামিক ফাউন্ডেশনের কর্মচারী অবসর ভাতা তহবিলের হিসাব সংরক্ষণ, অবসর গমনকৃত কর্মকর্তা কর্মচারীদের মাসিক/পারিবারিক পেনশন পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন, কর্মকর্তা- কর্মচারীদের কল্যাণ তহবিলের হিসাব সংরক্ষণ, এতদসংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণ ইত্যাদি যাবতীয় কাজ 'পেনশন সেল'এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। পরিচালক, অর্থ ও হিসাব এ বিভাগের তত্ত্বাবধানে সর্বমোট ২৩জন কর্মকর্তা-কর্মচারী দায়িত্ব পালন করেন।